গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুবভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নম্বর-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ১৬৯

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৭ জুন ২০২৬

## ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্সফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার বেসিক অ্যান্ড আইসিটি অ্যাপ্লিকেশন (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস(০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.),<br>রাঙ্গামাটি জেলা ব্যতিত ৬৩টি জেলা (৭০টি কেন্দ্র):<br>ক) ৪৬টি জেলা (৫২টি কেন্দ্র): প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০,<br>ঢাকা-৬টি (কলেজ গেইট, মোঃপুর-০১টি, মিরপুর-০১টি, শাহজাহান রোড মোঃ পুর-০১টি, সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র-০১টি, সবুজমতি ভবন, খিলগাঁও-০১টি, শাহান শাহ কমপ্লেক্স, বিজয়নগর-০১টি), চট্টগ্রাম-২টি(হালিশহর-০২টি) এবং বরগুনা, বরিশাল, ভোলা, পটুয়াখালী, পিরোজপুর, বান্দরবান, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, কক্সবাজার, ফেনী, খাগড়াছড়ি, নোয়াখালী, রাঙ্গামাটি, ফরিদপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, টাংগাইল, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, সাতক্ষীরা, জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, বগুড়া, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, রংপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট জেলায় ০১টি করে কেন্দ্র।<br>খ) ১৭টি জেলা (১৮টি কেন্দ্র): প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০,<br>ঝালকাঠি, লক্ষীপুর, গাজীপুর-২টি (টংগী-০১টি, কাজীবাড়ী, যুবভবন-০১টি), গোপালগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, চুয়াডাঙ্গা, মাগুরা, মেহেরপুর, নড়াইল, শেরপুর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট,পঞ্চগড়, ঠাকুরগাঁও ১টি করে কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০২. | প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস(০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৪,<br>৪টি বিভাগীয় শহরে ৫টি কেন্দ্র<br>ঢাকা-০২টি, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা- ০১টিকেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৩. | ইলেকট্রিক্যাল অ্যান্ড হাউজ ওয়্যারিং (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস(০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৪,<br>৫২টি জেলায় ৫৩টি কেন্দ্রঃ<br>খাগড়াছড়ি, কক্সবাজার, মৌলভীবাজার, পিরোজপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, মেহেরপুর, নেত্রকোনা, ঠাকুরগাঁও, সুনামগঞ্জ ও কুমিল্লা ব্যতিত ৫২টি জেলায় ৫৩টি কেন্দ্র (ঢাকা-২টি, অবশিষ্ট ৫১ জেলায় ৫১ টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৪. | ইলেকট্রনিক্স (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস(০১ জুলা ইহতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.),প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৪,<br>৫৯টি জেলায় ৬০টি কেন্দ্রঃ<br>মৌলভীবাজার, ব্রাহ্মনবাড়িয়া, নোয়াখালী, সুনামগঞ্জ ও রাঙ্গামাটি ব্যতিত ৫৯টি জেলায় ৬০টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র অবশিষ্ট ৫৮ জেলায় ৫৮ টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |

পাতা/২

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৫. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.),প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৪,<br>৫৩টি জেলায় ৫৪টি কেন্দ্রঃ<br>মৌলভীবাজার, চাঁদপুর, পটুয়াখালী, ভোলা, রাঙ্গামাটি,বান্দরবান, লক্ষীপুর, মানিকগঞ্জ, হবিগঞ্জ, সুনামগঞ্জও খাগড়াছড়ি ব্যতিত ৫৩ জেলায় ৫৪টি কেন্দ্র (ঢাকা-২টি অবশিষ্ট ৫২ জেলায় ৫২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৬. | মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড কম্পিউটার এপ্লিকেশন (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.),প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০,<br>১৪টি জেলায় ১৯টি কেন্দ্রঃ<br>ঢাকা-(৪টি কেন্দ্র), মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, দিনাজপুর, রাজশাহী-২টি কেন্দ্র, মাদারীপুর, বগুড়া, খুলনা-২টি কেন্দ্র, যশোর, বরিশাল, পিরোজপুর, কুড়িগ্রাম ও কুমিল্লা জেলা কার্যালয়। | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৭. | ''পোশাক তৈরি'' (অনাবাসিক)<br>মেয়াদ-৩ মাস (০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬খ্রি.), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫,<br>৬৩ জেলায় ৬৯টি কেন্দ্রঃ<br>মৌলভীবাজার ব্যতীত ৬৩টি জেলায় ৬৯টি কেন্দ্র (ঢাকা-৬টি, গাজীপুর-২টি এবং অবশিষ্ট ৬১ জেলায় ৬১টি কেন্দ্র) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৮. | 'ওভেন সুইং মেশিন অপারেটিং (অনাবাসিক)'<br>মেয়াদ-২মাস (০১ জুলাই হতে ৩১ আগষ্ট ২০২৬খ্রি.), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০,<br>০৩ জেলায় ০৩ টি কেন্দ্রঃ<br>ঢাকা, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলা (০১টি কেন্দ্র) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৯. | ক্যাটারিং (অনাবাসিক)<br>মেয়াদ-৬মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি.), আসন সংখ্যা-৩০,<br>০১ জেলায় ০১টি কেন্দ্রঃ<br>খুলনা জেলা কার্যালয় ০১টি, | ১০০০/- | এসএসসি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>খুলনা জেলা কার্যালয় |
| ১০. | ''ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং'', (অনাবাসিক)<br>মেয়াদ-৪মাস (০১ জুলাই হতে ৩১ অক্টোবর ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫,<br>০৫টি জেলায় ০৯টি কেন্দ্রঃ<br>ঢাকা-৫টি, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম ও খুলনা জেলায় ০১টি করে কেন্দ্র | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ১১. | ''গবাদিপশু, হাঁস-মুরগীপালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি'' বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক)<br>মেয়াদ-০৩মাস (০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৬)<br>ক) ১৫ টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০<br>জেলার নামঃ বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, রাঙ্গামাটি, ঢাকা, কিশোরগঞ্জ, টাংগাইল, খুলনা, ময়মনসিংহ, বগুড়া, নওগাঁ, রাজশাহী, দিনাজপুর, রংপুর ও সিলেট জেলা।<br>ক) ৪৯ টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০<br>জেলার নামঃ বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বান্দরবান, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, কক্সবাজার, ফেনী, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, জয়পুরহাট, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, পাবনা, ঠাকুরগাঁও, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা। | ১০০/ (জামানত ১০০/- ফেরত যোগ্য) | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩০ জুন ২০২৬<br>স্ব-স্ব জেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ জুন, ২০২৬খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জুলাই, ২০২৬খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

পাতা/৩

ঘ) সকল জেলা/উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https://ytms.gov.bd লিংকে গিয়ে আবেদন করতে হবে।

ঙ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চ) চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। রাজশাহী, রংপুর, বরিশাল ও খুলনা বিভাগের প্রশিক্ষণার্থীদের বিকাশ একাউন্টে এবং ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগের প্রশিক্ষণার্থীদের রকেটের মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বিকাশ/রকেট একাউন্ট থাকতে হবে।

ছ) দূরবর্তীস্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।

জ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংগে আনতে হবে।

ছ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whatsapp no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ট) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

<u>প্রশিক্ষণের শর্তাবলীঃ</u>

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
(গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
(ঘ) প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্য বিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
(ঙ) তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।
(চ) **সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ** সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে **ভাতা প্রাপ্ত হবেন।**
(ছ) **ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।**

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
- কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

০৯.০৬.২০২৬

(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক ( প্রশিক্ষণ)
ফোন: ০২-২২৩৩৮০৭০৩
E-mail: dirtraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৯৬৯

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৯ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক-----------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। যুগ্মসচিব (যুব) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (যুব) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ---------------------------(সকল) জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রানিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা মৎস্য, প্রানিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রানিসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং নিবন্ধিত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whatsapp no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় বাধ্যতামূলকভাবে সংরক্ষণ ও ডাটাবেজ তৈরি করতে হবে। তাছাড়া অর্থবছরের পরবর্তী প্রশিক্ষণসমূহের ভর্তি বিজ্ঞপ্তি বর্ষপঞ্জি অনুসরন পূর্বক প্রদান করতে হবে ।

যুব উন্নয়ন অধিদপ্তর
নীলফামারী

স্মারক নং-৩৪.০১.৭৩০০.০০০.৩৮.০০৫.২১- তারিখঃ ২০২৬ খ্রি.।

## ভর্তি বিজ্ঞপ্তি

নীলফামারী জেলার বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি মূলক কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ২০২৫-২০২৬ অর্থবছরে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য বেকার যুবনারী ও যুবদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্সের মেয়াদ | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা | কোর্সের ধরণ | ব্যাচ প্রতি আসন সংখ্যা | দরখাস্ত জমা নেয়ার শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ | ভর্তির তারিখ | প্রশিক্ষণ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি অ্যাপ্লিকেশন | ০৬(ছয়) মাস | ১০০০/- | এইচ.এস.সি/ সমমান | অনাবাসিক | ৬০(ষাট) জন | ২৫-৬-২৬ খ্রি. | ২৮-৬-২৬ খ্রি. | ৩০-৬-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. |
| ২ | ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং | ০৬(ছয়) মাস | ৩০০/- | ৮ম শ্রেণী পাশ | অনাবাসিক | ৩০ (ত্রিশ) জন | ২৮-৬-২৬ খ্রি. | ২৯-৬-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. |
| ৩ | ইলেকট্রনিক্স | ০৬(ছয়) মাস | ৩০০/- | ৮ম শ্রেণী পাশ | অনাবাসিক | ৩০ (ত্রিশ) জন | ২৮-৬-২৬ খ্রি. | ৩০-৬-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. |
| ৪ | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | ০৬(ছয়) মাস | ৩০০/- | ৮ম শ্রেণী পাশ | অনাবাসিক | ৩০ (ত্রিশ) জন | ২৮-৬-২৬ খ্রি. | ৩০-৬-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. |
| ৫ | পোষাক তৈরী | ০৩(তিন) মাস | ৫০/- | ৮ম শ্রেণী পাশ | অনাবাসিক | ২৫(পঁচিশ) জন | ২৩-৬-২৬ খ্রি. | ২৫-৬-২৬ খ্রি. | ৩০-৬-২৬ খ্রি. | ০১-৭-২৬ খ্রি. |

**দরখাস্ত গ্রহণ ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ-**

০১। প্রার্থীকে অবশ্যই ১৮ থেকে ৩৫ বছর বয়সী বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

০২। দরখাস্তে (ক) নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা নাম (বাংলা ও ইংরেজী) (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (ঘ)শিক্ষাগত যোগ্যতা (ঙ) জন্ম তারিখ (চ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (চ) জাতীয় পরিচয় পত্র (এনআইডি) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদ (ছ) বর্তমান ঠিকানা (জ) স্থায়ী ঠিকানা (ঞ) মোবাইল নম্বর (যদি থাকে)

৩। প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক থাকতে হবে।

৪। প্রশিক্ষণ কোর্স সমূহ অনাবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় সরকারী বিধি অনুসারে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৫। আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয় পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরকমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র (গ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদ পত্র সমূহ সঙ্গে আনতে হবে।

৬। প্রতিবন্ধি প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৭। যুব সংগঠন কর্তৃক মনোনিত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

৮। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৯। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। বর্ণিত প্রশিক্ষণ কোর্সের/ট্রেডের আবেদন পত্র উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী বরাবর স্বহস্তে লিখিত আবেদন পত্র দাখিল করতে হবে।

১১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।

১২। অনলাইনের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করে জমা প্রদান করা যাবে।

১৩। অনলাইনে আবেদন ফরম পাওয়ার ঠিকানা- www.dyd.gov.bd

১৪। ইতিপূর্বে যারা যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা আবেদন করতে পারবেন না। তথ্য গোপন করে প্রশিক্ষণ কোর্সে ভর্তি হলে যে কোন সময় তার ভর্তি বাতিল হবে এবং তিনি কোনরূপ সুবিধা প্রাপ্য হবেন না।

১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।
বিঃ দ্রঃ আবেদন ফরম অত্র কার্যালয় হতে বিনামূল্যে সরবরাহ করা হয়।

(মোঃ হাসান আলী)
উপপরিচালক(ভারপ্রাপ্ত)
যুব উন্নয়ন অধিদপ্তর
নীলফামারী

স্মারক নং-৩৪.০১.৭৩০০.০০০.৩৮.০০৫.২১-২২৫ তারিখঃ ০৩-০৬-২০২৬ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।

০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। জেলা তথ্য অফিসার, নীলফামারী।
০৩। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী।
০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ......., নীলফামারী।
০৫। নোটিশ বোর্ড/অফিস কপি

(মোঃ হাসান আলী)
উপপরিচালক(ভারপ্রাপ্ত)